গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ
ময়মনসিংহ।
www.dpe.mymensinghdiv.gov.bd

স্মারক নং- ৩৮.৪৫.০০০০.০০০.০৬.০৪৬.১৯.৭৬০

তারিখ: ১০ আশ্বিন ১৪৩১ / ২৫ সেপ্টেম্বর ২০২৪

বিষয়: **আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আগস্ট ২০২৪ মাসের অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ এর ০১ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ০৫.৪৫.০০০০.০১৪.০৬.০০৫.২১.৬৬৫ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আগস্ট ২০২৪ মাসের সভার কার্যবিবরণীর ০৮.০ নং ক্রমিকের প্রাথমিক শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ও প্রয়োজনীয় তথ্যাদি প্রেরিত ছক অনুযায়ী মহোদয়ের সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

**০৮.০: প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রমের তথ্য:**

**০৮.১: বিদ্যামান আশ্রয়ণ/গুচ্ছগ্রাম প্রকল্পের (জেলাওয়ারী তথ্য):**

| জেলার নাম | স্কুলে গমন উপযোগী শিশুর সংখ্যা | ভর্তিকৃত শিশুর সংখ্যা | ভর্তির হার (%) | উপস্থিতির হার (%) | ঝরেপড়ার শিশুর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ময়মনসিংহ | ২১৯২ | ২১৭০ | ৯৮.৩৭% | ৯০.৪৫% | ৮ | ৮ জন ঝরেপড়া শিশুসহ ২২ জন অভর্তিকৃত শিশুর অভিভাবকগণ কর্মের সন্ধানে অন্যত্র স্থানান্তর অথবা ভাসমান রয়েছেন মর্মে জানা যায়। অভিভাবকদের উদ্বুদ্ধ করে শিক্ষার্থীদের বিদ্যালয়ে আনয়নের প্রচেষ্টা অব্যাহত আছে। ক্যাচমেন্ট এলাকাভুক্ত শিক্ষকবৃন্দ এবং ক্লাস্টারের এইউইও কর্তৃক হোম ভিজিট চলমান রয়েছে। |
| জামালপুর | ১০৬৩ | ১০৪৪ | ৯৯.০৫% | ৯১.৮৪% | ৩০ | ৩০ জন ঝরেপড়া শিশুসহ ১৯ জন অভর্তিকৃত শিশুর অভিভাবকগণ কর্মের সন্ধানে অন্যত্র স্থানান্তর অথবা ভাসমান অবস্থায় রয়েছে। নিবিড় হোমভিজিট চলমান রয়েছে। |
| নেত্রকোণা | ৮১৭ | ৮১৪ | ৯৯.০৬% | ৮৯.২০% | ১ | ১ জন শিশু অভিভাবকগণের কর্মের সন্ধানে অন্যত্র স্থানান্তর অথবা ভাসমান অবস্থায় রয়েছে। নিবিড় হোমভিজিট চলমান রয়েছে। |
| শেরপুর | ৮১৮ | ৭৮৭ | ৯৬.২১% | ৯৪% | ১ | ১ জন ঝরেপড়া শিশুসহ অভর্তিকৃত ৩১ জন শিশুর অভিভাবকগণ কর্মের সন্ধানে অন্যত্র স্থানান্তর অথবা ভাসমান অবস্থায় রয়েছে। নিবিড় হোমভিজিট চলমান রয়েছে। |
| **মোট** | **৪৮৯০** | **৪৮১৭** | **৯৮.১৭%** | **৯১.৩৭%** | **৪০** | - |

**০৮.২: মুজিববর্ষে নির্মিত আশ্রয়ণ প্রকল্পে:**

| জেলার নাম | স্কুলে গমন উপযোগী শিশুর সংখ্যা | ভর্তিকৃত শিশুর সংখ্যা | ভর্তির হার (%) | উপস্থিতির হার (%) | ঝরেপড়ার শিশুর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ময়মনসিংহ | ৯৭২ | ৯৩৩ | ৯৫.৮৪% | ৮৮.৯০% | ৫ | ঝরেপড়া ৫ জন শিশুসহ ৩৯ জন অভর্তিকৃত শিশুর অভিভাবকগণ কর্মের সন্ধানে অন্যত্র স্থানান্তর অথবা ভাসমান অবস্থায় রয়েছেন। |
| জামালপুর | ১২০৮ | ১১৮২ | ৯৭.৬৭% | ৯২.৮১% | ১৫ | ঝরেপড়া ১৫ শিশুসহ ২৬ জন অভর্তিকৃত শিশুর অভিভাবকগণ কর্মের সন্ধানে অন্যত্র স্থানান্তর অথবা ভাসমান অবস্থায় রয়েছেন। |
| নেত্রকোণা | ১৩৩৪ | ১১৮৮ | ৮৯.০৫% | ৮৪.৭৭% | ২৯ | ঝরেপড়া ২৯ শিশুসহ ১৪৬ জন অভর্তিকৃত শিশুর অভিভাবকগণ কর্মের সন্ধানে অন্যত্র স্থানান্তর অথবা ভাসমান অবস্থায় রয়েছেন। |
| শেরপুর | ৩৯৪ | ৩৮৬ | ৯৯.০৬% | ৮৯.০৮% | ০ | ৮ জন অভর্তিকৃত শিশুর অভিভাবকগণ কর্মের সন্ধানে অন্যত্র স্থানান্তর অথবা ভাসমান অবস্থায় রয়েছেন। |
| **মোট** | **৩৯০৮** | **৩৬৮৯** | **৯৫.৪১%** | **৮৮.৮৯%** | **৪৯** | |

E:\Murshed\আশ্রয়ণ প্রকল্প\2024\September\অগ্রগতির প্রতিবেদন.docx

**বিগত আগস্ট ২০২৪ মাসের সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি:**

| ক্রমিক | কার্যপত্রের ক্রমিকের সিদ্ধান্ত সমুহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | ০৮.০ (ক) নান্দাইল উপজেলা চর ভেলামারী এলাকায় এবং খালিয়াজুরী উপজেলার হেমনগর কান্দা আশ্রয়ণ প্রকল্পে স্কুল স্থাপন যেন দ্রুত হয় সে বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নে বিগত ০২ আগষ্ট ২০২৩ তারিখ নান্দাইল উপজেলায় চর ভেলামারি আশ্রয়ণ প্রকল্প সংশ্লিষ্ট এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনে দেখা যায় প্রকল্প এলাকা থেকে প্রায় ১.৫ কিলোমিটার দূরে চর ভেলামারী সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং নদীর অপর প্রান্তে প্রায় ১ কিলোমিটার দূরে ত্রিশাল উপজেলার বিয়ারা সরকারি প্রাথমিক বিদ্যালয় অবস্থিত। ফলে উভয় বিদ্যালয়ে শিশুদের শিক্ষা গ্রহণ কষ্টসাধ্য। বিষয়টি অনুধাবনকরত ইতোমধ্যেই আশ্রয়ণ প্রকল্প সংশ্লিষ্ট এলাকার .৫ কিলোমিটারের মধ্যে একটি নতুন বিদ্যালয় স্থাপনের জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বরাবরে বিগত ২৩ জুলাই ২০২৩ তারিখের ৩৮.০১.৬১০০. ০০০.৪০.১১৪.২৩.১৪৩৬ নং স্মারক মূলে প্রস্তাব প্রেরণ করেছেন। এ বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগের মাধ্যমে বিদ্যালয়টি যেন দ্রুত স্থাপন সম্পন্ন হয় সে বিষয়ে অবহিত করা হয়েছে এবং<br><br>নেত্রকোণা জেলার খালিয়াজুরী উপজেলার হেমনগর কান্দা আশ্রয়ণ প্রকল্পটির ৩ কিলোমিটার উত্তরে খালিয়াজুরী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৫ কিলোমিটার দক্ষিণে বল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, প্রায় ১২ কিলোমিটার পূর্বে পাছহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ১.৫ কিলোমিটার পশ্চিমে রসুলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় অবস্থিত। উল্লিখিত অবস্থা বিবেচনায় প্রকল্প এলাকায় ১টি বিদ্যালয় স্থাপনের জন্য প্রকল্প শুরুর সময় উপজেলা সমন্বয় সভার কার্যবিবরণীতে বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছিল বলে সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার জানান। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইতোমধ্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নেত্রকোণাকে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং এ বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগের মাধ্যমে বিদ্যালয়টি যেন দ্রুত স্থাপন সম্পন্ন হয় সে বিষয়ে অবহিত করা হয়েছে। |
| ০২ | ০৮.০ (গ) বিদ্যমান আশ্রয়ণ/ গুচ্ছগ্রাম প্রকল্প এবং মুজিববর্ষে নির্মিত আশ্রয়ণ প্রকল্পের বাসিন্দাদের নতুন কারিকুলাম অনুযায়ী শিক্ষাদানের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নে অত্র বিভাগের সকল শিক্ষকগণকে ইতোমধ্যেই নতুন কারিকুলাম অনুযায়ী প্রশিক্ষণ প্রদান সম্পন্ন হয়েছে। এমতাবস্থায়, আশ্রয়ণ প্রকল্পভুক্ত বিদ্যালয়সহ বিভাগের সকল বিদ্যালয়ে কারিকুলাম অনুযায়ী শ্রেণি পাঠদান নিশ্চিত করণের জন্য নিয়মিত পরিদর্শন চলমান রয়েছে। |
| ০৩ | ০৮.০ (ঘ) আশ্রয়ণের শিশুদের স্কুলে ভর্তির পর জরিপ করে উপজেলা নির্বাহী অফিসারগণকে তালিকা দিতে হবে। | উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নে অত্র বিভাগের মাসিক সমন্বয় সভায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণকে এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয় এবং আশ্রয়ণ প্রকল্পভুক্ত এলাকার বিদ্যালয়গুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। আশ্রয়ণ প্রকল্প এলাকার বিদ্যালয়ের ঝরেপড়া শিশুদের বিষয়ে খোঁজ নিয়ে তাদের স্কুলে ফেরানোর জন্য ইতোমধ্যে পিতামাতা/অভিভাবক ডেকে আলোচনা করে ভর্তির জন্য অবহিত করা হয়েছে এবং জরিপের প্রেক্ষিতে ভর্তিযোগ্য শিশুদের ভর্তি চলমান রয়েছে। এছাড়াও উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য অত্র কার্যালয়ের ৭ মে ২০২৪ তারিখের ৩৮.৪৫.০০০০.০০০.০৬.০৪৬.১৯.৪৩০ নং স্মারক মোতাবেক সকল জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও পিটিআই সুপারিনটেনডেন্টকে অবহিত করা হয়েছে। |
| ০৪ | ০৮.০ (ছ) বিদ্যমান আশ্রয়ণ/ গুচ্ছগ্রাম প্রকল্প এবং মুজিববর্ষে নির্মিত আশ্রয়ণ প্রকল্পের শিশুদের পড়ালেখার গুণগত মান বৃদ্ধির জন্য উদ্যোগ গ্রহণসহ বিভিন্ন প্রকার প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নে অত্র বিভাগের জুলাই ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণকে এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং জেলার ঝড়েপড়া শিশুদের স্কুলে ফিরিয়ে আনার জন্য হোমভিজিট, মা সমাবেশ, উঠান বৈঠকে অভিভাবকগণকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও বিভিন্ন ধরণের প্রতিযোগিতার শিশুদের বিদ্যালয়ের প্রতি আগ্রহ সৃষ্টি ও পরিদর্শন নিশ্চিতকরণের মাধ্যমে শিশুদের পড়ালেখার গুণগত মান বৃদ্ধির জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |

২৫/৯/২৪

**(মোহাম্মদ আলী রেজা)**
বিভাগীয় উপপরিচালক
02-997710283
ddpmymen@gmail.com

বিভাগীয় কমিশনার
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

২৫/৯/২৪